

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

(সরকারি মাধ্যমিক-১)

www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১(অংশ-১)-২৯

তারিখ: ০১ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা, ২০২২ সংশোধন।

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১ (অংশ-১).১৩৮, তারিখ: ১১.০১.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা ২০২২ এর প্রযোজ্য ক্ষেত্রে নির্দেশক্রমে নিম্নরূপ সংশোধন করা হলো।

অনুচ্ছেদ ১১.৫:

শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে মহানগর, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশি হয় সেক্ষেত্রে তাদের নিজেদের মধ্যে লটারি অনুষ্ঠিত হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধানের/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

অনুচ্ছেদ ১২:

কোন প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীর সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে সে সকল সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন কে সংশ্লিষ্ট ভর্তি কমিটি আবেদন যাচাই- বাছাই করে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তবে এ সুবিধা কোন দম্পতির সর্বোচ্চ ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। ২০২৩ শিক্ষাবর্ষের জন্য কোন প্রতিষ্ঠানে এন্ট্রি শ্রেণিসহ অন্যান্য শ্রেণিতে মোট আসনের অতিরিক্ত ৫% শিক্ষার্থী সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোনের ভর্তির জন্য আবেদনকারীদের মধ্যে থেকে ভর্তি করাতে পারবে। তবে আবেদন সংখ্যা অধিক হলে ভর্তি কমিটি কর্তৃক লটারির মাধ্যমে উক্ত ৫% শিক্ষার্থী নির্বাচন করা যেতে পারে। উল্লেখ্য, ২০২৪ শিক্ষাবর্ষ হতে কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার সফটওয়্যারে বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে।

(মোসাম্মৎ রহিমা আক্তার)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৬৭৮০

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা

নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১(অংশ-১)-২৯

তারিখ: ০১ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ

স্মারক নম্বর: জেশিঅ/পাব/২০২২/৬৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

তারিখ: ১৫/০১/২০২৩খ্রি.

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), পাবনা। উপরোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অনুরোধ করা হলো।

২। অফিস কপি।


(মোঃ রোস্তুম আলী হেলালী)

জেলা শিক্ষা অফিসার

পাবনা।

ফোন: ০২৫৮৮৮০৫০৮৩

০৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/দিনাজপুর/ ময়মনসিংহ
০৫. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....
০৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (নীতিমালাটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
০৯. পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/কুমিল্লা/ময়মনসিংহ/ বরিশাল/রংপুর/ সিলেট অঞ্চল
১০. জেলা শিক্ষা অফিসার (সকল)
১১. প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা
১২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. যুগ্মসচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মোসাম্মৎ রহিমা আক্তার)
সিনিয়র সহকারী সচিব